দৈনিক ইনকিলাব

তারিখ 07 SEP 2012
পৃষ্ঠা ৩ কলাম ১

ইডেনের নতুন ছাত্রী নিবাস উদ্বোধন: আজ

স্টাফ রিপোর্টার : প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ ১ হাজার আসন বিশিষ্ট ইডেন মহিলা কলেজের ছাত্রীনিবাস উদ্বোধন করবেন। গতকাল (বুধবার) শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য কর্মকর্তা সুবোধ চন্দ্র চালী এই তথ্য জানিয়েছেন। এক তথ্য বিশিষ্ট এই ভবনের নির্মাণে ব্যয় হয়েছে ২৮ কোটি ৬৯ লাখ ৪৩ হাজার টাকা। শিক্ষা মন্ত্রণালয়াধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এ ভবন নির্মাণ করেছে। ১ লাখ ৯৯ হাজার ৪৮৩ বর্গফুটের নতুন এ ভবনে ছাত্রীদের জন্য ২৫০টি আবাসিক কক্ষ, ৪টি ডাইনিং হল, একটি ক্যান্টিন, ২টি টিভি কক্ষ, একটি নামাজ কক্ষ, প্রভোস্ট অফিস, অতিথি কক্ষ, সিক রুম ও লন্ড্রি, প্রভোস্ট ও সহকারী প্রভোস্ট এর আবাসিক ব্যবস্থা, কিচেন কক্ষ, ৪টি লিফট, বিদ্যুৎ সাব-স্টেশন রয়েছে। ১৮ একর জমির ওপর ১৯৬২ সালে প্রতিষ্ঠিত ইডেন মহিলা কলেজের বর্তমান ছাত্রী সংখ্যা ৩৫ হাজার। ইডেনে ৫টি ছাত্রীনিবাসে আসন সংখ্যা ১ হাজার ৮৬৮। অধিকাংশ ছাত্রীকেই বিভিন্ন জায়গায় সাবলেট বা ম্যাচে থেকে লেখাপড়া করতে হচ্ছে। নতুন এ ভবনটি নির্মিত হওয়ায় তাদের আবাসন সমস্যা অনেকাংশে কমবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। আজ হলটি উদ্বোধনের সময় উপস্থিত থাকবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, মোস্তফা জালাল মহীউদ্দিন এমপি, শিক্ষাসচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী প্রমুখ। এছাড়াও প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজিমপুর স্কুল এন্ড কলেজকে সরকারীকরণের ঘোষণা দেবেন বলে জানানো হয়েছে।

আজিমপুর গার্লস স্কুলের এক জনসভায় আজ ভাষণ দেবেন প্রধানমন্ত্রী

বাসস : প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ শনিবার লালবাগ-কোতোয়ালী এলাকায় বিভিন্ন প্রকল্পের উদ্বোধন শেষে এক জনসভায় ভাষণ দেবেন বিকেল ৩টায় আজিমপুর গার্লস স্কুল প্রাঙ্গণে কোতোয়ালী-লালবাগ নির্বাচনী (ঢাকা-৭) এলাকার এই জনসভা অনুষ্ঠিত হবে। ঢাকা মহানগর আওয়ামী লীগ সাধারণ সম্পাদক মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বীর বিক্রম গতকাল এক বিবৃতিতে, ঢাকা মহানগর আওয়ামী লীগ নেতৃবৃন্দসহ থানা, ওয়ার্ড ও ইউনিয়ন আওয়ামী লীগ নেতৃবৃন্দকে আজিমপুর গার্লস স্কুল প্রাঙ্গণে উক্ত জনসভায় উপস্থিত থাকার আহ্বান জানিয়েছেন।